

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
ভৌত অবকাঠামো বিভাগ  
সড়ক পরিবহন উইং  
প্রজ্ঞাপন

তারিখ : ২০ আগস্ট ২০২৩

নং ২০.০৩.০০০০.৭০৩.১৪.০১৪.২৩-৯৬—এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবিকৃত সংশ্লিষ্ট সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/ বা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্যের নেতৃত্বে একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়। গত ২৪ জুলাই ২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য (সচিব) এর সভাপতিত্বে সড়কের মালিকানা হস্তান্তর সংক্রান্ত এ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভায় এলজিইডি'র আওতাধীন ৪টি সড়ক সওজ অধিদপ্তরের নিকট হস্তান্তর [সংযোজনী-ক] করার সুপারিশ অনুমোদিত হয়।

৩। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সওজ অধিদপ্তর ও এলজিইডি এর সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে। ইহা গেজেটে প্রকাশের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ.ন.ম ফয়জুল হক  
উপপ্রধান।

(১১৩৫৩)

মূল্য : টাকা ৪.০০

## সংযোজনী-‘ক’

ক্রঃ নং	জেলার নাম	প্রস্তাবিত সড়কের নাম ও আইডি নং	বর্তমান মালিকানা	প্রস্তাবিত মালিকানা	স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত
১.	নোয়াখালী	বসুরহাট-মৌলভীবাজার-কাজীরহাট-সোনাগাজী সড়কটি (আইডি নং-৪৭৫২১২০০৪)	এলজিইডি	সওজ অধিদপ্তর	এলজিইডি'র আওতাধীন “বসুরহাট-মৌলভীবাজার-কাজীরহাট-সোনাগাজী সড়ক (আইডি নং-৪৭৫২১২০০৪)” সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।
২.		মাইজদী-ওটারহাট-ভূঁইয়ার হাট রোড (পুরাতন হাসপাতাল রোড) সড়ক (আইডি নং-৪৭৫৮৭৩০০১) এবং নরোত্তমপুর ইউপি (কালামিয়ারপুল)-ভূঁইয়ার হাট ভায়া ওটারহাট বাজার সড়ক (আইডি নং-৪৭৫৯০৩০০১)	এলজিইডি	সওজ অধিদপ্তর	এলজিইডি'র আওতাধীন মাইজদী-ওটারহাট-ভূঁইয়ার হাট রোড (পুরাতন হাসপাতাল রোড) (আইডি নং-৪৭৫৮৭৩০০১) সড়ক এবং নরোত্তমপুর ইউপি (কালামিয়ারপুল)-ভূঁইয়ার হাট ভায়া ওটারহাট বাজার (আইডি নং-৪৭৫৯০৩০০১) সড়ক দুটি সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট “মাইজদী-নরোত্তমপুর-ওটারহাট-কবিরহাট সড়ক” নামে জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।
৩.	লক্ষ্মীপুর	তোরাবগঞ্জ-মতিরহাট সড়ক (আইডি নং-৪৫১৭৪৩০০২)	এলজিইডি	সওজ অধিদপ্তর	এলজিইডি'র আওতাধীন “তোরাবগঞ্জ- মতিরহাট সড়ক (আইডি নং-৪৫১৭৪৩০০২)” সড়ক ও জনপথ অধিদপ্তরের নিকট আঞ্চলিক মহাসড়ক হিসেবে হস্তান্তরের সুপারিশ করা হলো।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 ব্রেনজন চাকুগাং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd